

চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর/প্রধান নির্বাহী আধিকারিক
আরারবি-সহ সকল তপশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক/শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক/
জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক/সকল কার্ড নেটওয়ার্ক প্রদানকারী

মাননীয় মহাশয়া/মহাশয়,

বিক্রয়কেন্দ্রে(পিওএস) টাকা তোলা - টায়ার III থেকে VI পর্যন্ত কেন্দ্রসমূহে বর্ধিত সীমা

আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে শিরোনামে উল্লেখিত বিষয়ের উপর আমাদের সার্কুলারদ্বয় জুলাই 22, 2009 তারিখাঙ্কিত ডিপিএসএস.সিও.পিডি.নং.147/02.14.003/2009-10 এবং সেপ্টেম্বর 5, 2013 তারিখাঙ্কিত ডিপিএসএস.সিও.পিডি.নং.563/02.14.003/2013-14 এর প্রতি, যেখানে বিক্রয় কেন্দ্রে(পি ও এস) ব্যাঙ্ক কর্তৃক জারিকৃত সমস্ত ডেবিট কার্ড/ ওপেন লুপ প্রিপেড কার্ড মারফত দিনপ্রতি 1000/- টাকা পর্যন্ত নগদ অর্থ তোলার ক্ষমতা প্রদান করা হয়েছে।

2. পুনর্বিবেচনার পর টায়ার III থেকে VI পর্যন্ত কেন্দ্রে পিওএস-এ(ভারতে ব্যাঙ্ক কর্তৃক জারিকৃত ডেবিট কার্ড/ ওপেন সিস্টেম প্রিপেড কার্ড-এর জন্য) নগদ অর্থ তোলার সীমা দিনপ্রতি 1000/- টাকা থেকে 2000/- টাকা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, যা অবিলম্বে কার্যকরী হবে। টায়ার I এবং II কেন্দ্রগুলিতে দিনপ্রতি সীমা অপরিবর্তিত থাকবে।

3. নগদ অর্থ তোলার উপর যদি কোনও গ্রাহক মাশুল আদায় করা হয় তবে তা 1000 টাকা /1000 টাকা-র সীমা নির্বিশেষে সমস্ত কেন্দ্রে লেনদেন রাশির 1%-এর বেশী হবে না।

4. নিম্নলিখিত শর্তস্বাপেক্ষে এইরূপ নগদ অর্থ তোলার সুবিধা ব্যাঙ্কসমূহ দিতে পারবে:

- সুবিধাটি লভ্য হবে সেই বাণিজ্য প্রতিষ্ঠানগুলিতেই যেগুলিকে প্রয়োজনীয় প্রয়োগক্ষমতা সমন্বিত প্রক্রিয়ার(প্রসেস অফ ডিউ ডিলিজেন্স) মাধ্যমে ব্যাঙ্ক মনোনিত করবে। এই বাণিজ্য প্রতিষ্ঠানগুলিকে পরামর্শ দেওয়া হবে এই সুবিধা লভ্য হবার বিষয়টি তথা তার সাথে গ্রাহকগণের যদি কোনও মাশুল দেয় থাকে, তা পরিষ্কারভাবে সূচিত/প্রদর্শিত করতে।
- কার্ডধারক,কিছু ক্রয় করুন অথবা না করুন, সুবিধাটি লভ্য থাকবে। যেক্ষেত্রে সুবিধাটি পণ্যসামগ্রী ক্রয় করার ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট রশিদটিতে নগদ হিসাবে যে অর্থ তোলা হবে তার পরিমাণ পৃথকভাবে উল্লেখিত থাকবে।
- যে ব্যাঙ্কসমূহ এই সুবিধা প্রদান করবে, তাদের একটি কার্যকর গ্রাহক প্রতিবিধান ব্যবস্থাপনা(কাস্টমার রিডেসাল মেকানিসম) রাখতে হবে। এইমর্মে দায়ের করা অভিযোগসমূহ ব্যাঙ্কিং লোকপাল যোজনা-র আওতায় আসবে।

5. কার্ড জারি করা ব্যাঙ্কসমূহ যারা প্রয়োগটিকে কার্যকর করেছে তারা সুবিধাটি সম্পর্কে তাদের গ্রাহকদের পর্যাপ্তরূপে সচেতন করবে।

6. ব্যাঙ্কসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে প্রত্যেক ত্রৈমাসিকের শেষে 15 দিনের মধ্যে মূখ্য মহা প্রবন্ধক, অর্থপ্রদান এবং নিষ্পত্তি প্রণালী বিভাগ, মুম্বই 400001 -এর নিকট সংলগ্ন অংশে প্রদত্ত ফর্মা অনুসারে নগদ হিসাবে তোলা টাকা-র উপর ডেটা জমা করবে।

7. ই-পেমেন্টস বিষয়ে অগ্রগতি এবং এই সম্পর্কিত অন্যান্য বিকাশ নজরে রেখে যোজনাটি নিয়ে সমীক্ষাও করা হবে।

8. নির্দেশটি জারি করা হল, পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেমস অ্যাক্ট 2007 -এর(2007 -এর অ্যাক্ট 51) ধারা 10(2) তৎসঙ্গে পঠিত ধারা 18 -র অধীনে।

আপনাদিগের বিশ্বস্ত

(নরেন্দ্র এস দাভে)

মূখ্য মহা প্রবন্ধক

সংলগ্ন অংশ

বিক্রয়কেন্দ্র (পিওএস)-এ নগদ টাকা তোলা - এই লেনদেনের উপর ত্রৈমাসিক
প্রতিবেদন- ডিপিএসএস.পিডি.নং/449/02.14.003/2015-16 অগস্ট 27,2015

ব্যাকের নাম:

শেষ হওয়া ত্রৈমাসিক:

কেন্দ্র	কতগুলি বাণিজ্য কেন্দ্র নগদ লেনদেন @পিওএস করতে সক্ষম (ক্রমপুঞ্জিত/ কিউমুলেটিভ)	(অন-আস)		(অফ-আস)	
		ত্রৈমাসিকে হওয়া লেনদেনের সংখ্যা	ত্রৈমাসিকে হওয়া লেনদেনের অর্থরাশিমূল্য (টাকা-র পরিমাণ)	ত্রৈমাসিকে হওয়া লেনদেনের সংখ্যা	ত্রৈমাসিকে হওয়া লেনদেনের অর্থরাশিমূল্য (টাকা-র পরিমাণ)
টায়ার I					
টায়ার II					
টায়ার III					
টায়ার IV					
টায়ার V					
টায়ার VI					
মোট					